97599 - যে ব্যক্তি বাজারে থাকা সকল পণ্য কিনে ফেলে যাতে করে সে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করতে পারে?

প্রশ্ন

আমাদের এখানে এমন একজন ব্যবসায়ী রয়েছে যখন সে বুঝতে পারে যে, বাজারে কোন একটা পণ্যের ভালো মূল্য পাওয়া শুরু হয়েছে তখন সে বাজারে থাকা সকল পণ্য কিনে ফেলে; যাতে করে সে নিজি নিয়ন্ত্রণে অধিক হারে সেই পণ্যের মূল্য বাড়াতে পারে। এই কাজের হুকুম কি? এই পদ্ধতিতে সেই ব্যক্তি যা উপার্জন করছে সেটি কি হালাল; নাকি হারাম?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

নিঃসন্দেহে যে ব্যক্তি মুসলমানদের প্রয়োজন এমন জরুরী দ্রব্যসামগ্রীর সংকট তৈরী করে, বাজার থেকে সবগুলো পণ্য কিনে ফেলে, ফলে মানুষ চড়া দামে তার থেকে কিনতে বাধ্য হয়; সে যেভাবে ইচ্ছা সেভাবে মানুষের ওপর স্বেচ্ছাচারিতা করে; নিঃসন্দেহে এটি নাজায়েয। এটি নিষিদ্ধ মজুতদারি। তাকে প্রতিহত করা ও এটি করা থেকে তাকে বাধা দেয়া আবশ্যক। যদি বিষয়টি এমনই হয় যেমনটি প্রশ্নকারী উল্লেখ করেছেন যে, বাজারে এই পণ্যটি ছাড়া আর কোন পণ্য নাই; যে পণ্যটি মানুষের প্রয়োজন। সেই ব্যক্তি পণ্যটি কিনে নিজের কাছে রেখে দেয় যাতে করে এর উপর সে স্বেচ্ছাচারিতা করতে পারে; এটি জায়েয নয়। কর্তৃপক্ষের উচিত তাকে এমন কাজ করতে বাধা দেয়া।

আর যদি এই পণ্যটি বিলাস সামগ্রী হয় এবং মানুষের এটি প্রয়োজন না থাকে কিংবা অন্য আরও বাজার থাকে কিংবা অন্য আরও পণ্য সামগ্রী থাকে এবং মানুষ বিনা কষ্টে অন্য স্থান থেকে পণ্যটি পেতে পারে তাহলে এ কাজ করা হারাম হবে না। কিন্তু তদুপরি মুসলিমদের জন্য সংকট তৈরী করা অনুচিত।

[আল-মুনতাক্বা বিন ফাতাওয়াস শাইখ সালেহ আল-ফাওযান (৩/৬০)]